প্রেস বিজ্ঞপ্তি

৯-১০ অক্টোবর ঢাকায় হোটেল ল্যা মেরিডিয়ানে 'সাউথ এশিয়া মেরিটাইম এন্ড লজিস্টিক্স ফোরাম ২০১৮' এর দ্বিতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে

ঢাকা, ৭ অক্টোবর;

বাংলাদেশের নৌপরিবহন সেক্টরের শিল্প উদ্যোক্তা ও ব্যবসায়িদের আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে মেরিটাইম ও লজিস্টিক্স খাতের বর্তমান অবস্থা ও ট্রেড সম্পর্কে আরো বেশি অবহিতকরণ, নৌপরিবহন খাতের অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ আকৃষ্ট এবং নতুন প্রযুক্তির উদ্ভাবন করতে আগামী ৯-১০ অক্টোবর ঢাকায় হোটেল ল্যা মেরিডিয়ানে 'সাউথ এশিয়া মেরিটাইম এন্ড লজিস্টিক্স ফোরাম ২০১৮' এর দ্বিতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে।

নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে 'সাউথ এশিয়া মেরিটাইম এন্ড লজিস্টিক্স ফোরাম ২০১৮' এর দ্বিতীয় সম্মেলন আয়োজন উপলক্ষ্যে এক সাংবাদিক সম্মেলনে এসব কথা বলেন।

সংবাদ সম্মেলনে মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুস সামাদ এবং নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর সৈয়দ আরিফুল ইসলাম উপস্থিত ছিলেন।

নৌপরিবহন মন্ত্রণালয়ের উদ্যোগে ভারতের 'গেটওয়ে' মিডিয়া প্রাইভেট লিমিটেড এবং শ্রীংলকার কলম্বো মেরিটাইম কনফারেন্স ইভেন্টস (সিআইএমসি) এর সহযোগিতায় এ সম্মেলন অনুষ্ঠিত হবে। গত বছরের সেপ্টেম্বরে ভারতের মুম্বাইতে ফোরামের প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়।

আগামী ০৯ অক্টোবর বিকাল ৪ টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফোরামের উদ্বোধন করবেন। বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী ও সচিবগণ এ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এছাড়া আমেরিকা, ভারত, শ্রীলঙ্কা, সিঙ্গাপুর, নেপাল ও ভূটানের মন্ত্রী, সচিব ও উচ্চপদস্থ কর্মকর্তাগণসহ বিভিন্ন দেশ থেকে নৌখাতের সংশ্লিষ্ট বাণিজ্য ও শিল্পের সাথে সম্পৃক্ত ব্যক্তিগণ উক্ত সম্মেলনে যোগদান করবেন বলে আশা করা যাচ্ছে।

দু'দিনব্যাপী এ ফোরামের বিভিন্ন সেশনে বাংলাদেশে নৌপরিবহন সেক্টরের উন্নয়ন এবং এতে বিনিয়োগের সম্ভাবনা, দক্ষিণ এশিয়ার আঞ্চলিক বাণিজ্যের বাধাসমূহ এবং এর সমাধান, ক্রমবর্ধমান চাহিদা পুরণে দক্ষিণ এশীয় বন্দরসমূহের উন্নয়নের প্রয়োজনীয়তার বিষয়ে আলোচনা ছাড়াও ড্রেজিং, শিপ বিল্ডিং এবং বাঙ্কারিংসহ নৌখাতের সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে। বাংলাদেশে এ সেক্টরের কোন্ কোন্ বিষয়ে বিকাশের সুযোগ রয়েছে সে বিষয়গুলো উপলব্ধি করাসহ আন্তর্জাতিক ক্ষেত্রে যোগাযোগ বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে। এছাড়া নৌপরিবহন খাতে বঙ্গোপসাগরীয় অঞ্চলে আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির ফলে কোন্ বিষয়ে এক দেশের সীমাবদ্ধতা অন্য দেশের সহজলভ্যতার সাথে ভাগাভাগির মাধ্যমে এ শিল্প বাণিজ্যের সুষম বিকাশে সহায়ক হবে।

৯ অক্টোবর বিকেলে উদ্বোধনী অনুষ্ঠান শেষে সন্ধ্যায় 'ইনভেস্টমেন্ট অপরচুনিটিজ এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ইন মেরিটাইম সেক্টর অব বাংলাদেশ' শীর্ষক একটি প্লেনারী সেশন রয়েছে। সে সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ এম.পি; প্লেনারী সেশনে সভাপতিত্ব করবেন নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো: আবদুস সামাদ। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) চেয়ারপারসন কাজী এম আমিনুল ইসলাম, এফ বি সি সি আই'র প্রেসিডেন্ট জনাব মো: শফিউল ইসলাম মহিউদ্দিন, শ্রীলংকায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার জনাব রিয়াজ হামিদউল্লাহ, বিজিএমইএ, শিপিং লাইন্স, চট্টগ্রাম বন্দরের প্রতিনিধিসহ সংশ্লিষ্টরা সেশনে মূল্যবান আলোচনা করবেন।

সম্মেলনের দ্বিতীয় দিন ১০ অক্টোবর চারটি বিজনেস সেশন এবং ভেলিডিক্টরি সেশন অনুষ্ঠিত হবে। পাশাপাশি প্যারালাল সেশনও চলবে। 'পোর্টস এন্ড টার্মিনালস ট্র্যাক ঃ পোর্ট ইনফ্রাস্ট্রাকচার ইন সাউথ এশিয়া, এক্সপান্ডিং এন্ড আপগ্রেডিং প্রজেক্টস, ক্যাপাসিটিজ এন্ড অপারেশনাল ইফিসিয়েন্সি' শীর্ষক প্রথম বিজনেস সেশনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় অর্থ প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান এম.পি। "লজিস্টিক্স এন্ড ডিস্ট্রিবিউশন ট্র্যাক ঃ কার্গো ট্রান্সপোর্টেশন, ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট, রেল এন্ড রোড কানেকসন্স, কোস্টাল শিপিং এন্ড ট্রানশিপমেন্ট, এয়ারফ্রেইট এন্ড ই-কমার্স" শীর্ষক দ্বিতীয় বিজনেস সেশনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা জনাব ড. গওহর রিজভী। "মেরিটাইম এ্যালাইড ইনফ্রাস্ট্রাকচার ঃ ড্রেজিং, শিপবিল্ডিং এন্ড বাঙ্কারিং" শীর্ষক তৃতীয় বিজনেস সেশনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি মেজর (অব:) জনাব রফিকুল ইসলাম বীর উত্তম এম.পি। "পলিসি ট্র্যাক ঃ বেরিয়ার্স টু ইন্ট্রা রিজিওনাল ট্রেড ইন সাউথ এশিয়া এন্ড সলিউশনস' শীর্ষক চতুর্থ বিজনেস সেশনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যসচিব জনাব মো: নজিবুর রহমান। ভেলিডিক্টরি সেশনে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মো: আবদুস সামাদ বক্তব্য রাখবেন। প্যারালাল সেশনে ''হোয়াই উই নিড মোর উইমেন ইন মেরিটাইম এন্ড লজিস্টিক্স ঃ এ বিজনেস কেইস'' এবং 'চ্যালেঞ্জেস অব ফ্রেইট ফরওয়ার্ডিং ইন সাউথ এশিয়া: সলিউশন্স' বিষয়ে আলোচনা হবে। এছাড়া কটন/ইয়ার্ন বায়ার সেলারদের আলোচনা পর্ব রয়েছে।

মন্ত্রী মেরিটাইম সেক্টরে বাংলাদেশের বিভিন্ন উন্নয়ন প্রসঙ্গে বলেন, বাংলাদেশের নাবিক, ইঞ্জিনিয়ার এবং পাইলটরা বিদেশ থেকে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকেন, যা আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মেরিটাইম সেক্টরে উচ্চতর ডিগ্রী অর্জনের লক্ষ্যে 'বঙ্গবন্ধু শেখ মুজিব মেরিন বিশ্ববিদ্যালয়' প্রতিষ্ঠা করা হয়েছে। সিলেট, রংপুর, বরিশাল ও পাবনায় ৪টি মেরিন একাডেমী প্রতিষ্ঠার কাজ চলমান রয়েছে। চট্টগ্রামস্থ বাংলাদেশ মেরিন একাডেমীতে 'ফিমেল ক্যাডেট' ভর্তির ব্যবস্থা করা হয়েছে। মানব সম্পদ উন্নয়নের জন্য বেশ কয়েকটি বেসরকারি মেরিটাইম ইন্সটিটিউট প্রতিষ্ঠা এবং এগুলো পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

শাজাহান খান বলেন, সমুদ্রগামী জাহাজের নাবিকদের জন্য 'মেশিন রিডেবল আই ডি কার্ড' চালু করা হয়েছে। গ্লোবাল মেরিটাইম ডিসট্রেস এন্ড সেফটি সিস্টেম (জিএম ডি এস এস) এবং ইন্টিগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের আওতায় কক্সবাজার, সেন্টমার্টিন, কুতুবদিয়া লাইটহাউজ আধুনিকায়ন এবং নতুন করে নিঝুমদ্বীপ, ঢালচর, দুবলারচর ও কুয়াকাটায় লাইটহাউজ স্থাপন করা হবে এবং উক্ত ৭টি স্থানে কোস্টাল রেডিও স্টেশন স্থাপন করা হবে।

মন্ত্রী চট্টগ্রাম, মোংলা, পায়রা বন্দরের উল্লেখযোগ্য উন্নয়নসহ নৌপথ খননে ড্রেজার, নৌপথে দ্রুত যাত্রী ও যানবাহন পরিবহনে ফেরি ও জাহাজ সংগ্রহের কথা তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলে নৌপরিবহন মন্ত্রণালয়ের উন্নয়নে সর্বকালের রেকর্ড সৃষ্টি করেছে।

৭/১০/১৮
(মোঃ জাহাঙ্গীর আলম খান)
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
নৌপরিবহণ মন্ত্রণালয়
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com